

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নীলফামারী সদর, নীলফামারী।
dae.nilphamarisadar.nilphamari.gov.bd

স্মারক নংঃ ১২.০১.৭৩৬৪.০০০.০১০.১৮.০০০১.২৬. ৩০৫

২৫ চৈত্র ১৪৩২
তারিখ:
৮ এপ্রিল ২০২৬


বিষয়: “ মুক্তা বোরন (বোরন, বোরিক এসিড)” মজুদ, ক্রয় ও বিক্রয় না করা প্রসঙ্গে।

উর্পযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২০/১০/২০২৫ খ্রি. তারিখে আপনার বিক্রয় কেন্দ্র হতে বি কে ডায়মন্ড ইন্টারন্যাশনাল গ্রুপ সলিউশন লিমিটেড এর “মুক্তা বোরন (বোরন, বোরিক এসিড)” আইএমপি-৪৫১৪, ব্যাচ নং- ০০৩৯ এর নমুনা বিশ্লেষণের জন্য পরীক্ষাগারে প্রেরণ করে ০২/০৪/২০২৬ খ্রি. তারিখে প্রাপ্ত ফলাফলে দেখা যায়, উক্ত “মুক্তা বোরন (বোরন, বোরিক এসিড)” সারে বোরন (B) ১৭.০০% এর স্থলে ০.৯০% (ল্যাব নং ৪২৫৬), যা সংশ্লিষ্ট সারের উপাদানের কাঙ্ক্ষিত পরিমাণের চেয়ে কম। তাই, সার ব্যবস্থাপনা আইন, ২০০৬ এর ১৭ (২) এর (ঘ) উপধারা মোতাবেক নমুনাটি ভেজাল বোরন সার।

এমতাবস্থায়, উক্ত ব্যাচ নম্বরের সারটি মজুদ, ক্রয় ও বিক্রয় হতে বিরত থাকার জন্য বলা হলো। অন্যথায় আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও, আপনার প্রতিষ্ঠানে পূর্বে জন্মকৃত উক্ত ব্যাচ নম্বরের সারটির মজুদ অত্র দপ্তর কর্তৃক নির্ধারিত সময়ে আপনার নিজ খরচে ধ্বংস করার প্রস্তুতি গ্রহণের জন্য বলা হলো।

সংযুক্তি: নমুনা পরীক্ষার ফলাফল ০১ (এক) প্রস্থ।

আরিফা ট্রেডার্স
যাদুরহাট, অটোস্ট্যান্ড মোড়
নীলফামারী সদর, নীলফামারী।


(অতিক আহমেদ)
উপজেলা কৃষি অফিসার
নীলফামারী সদর, নীলফামারী

অনুলিপি:

১। মেসার্স (সকল), নীলফামারী সদর, নীলফামারী। বি কে ডায়মন্ড ইন্টারন্যাশনাল গ্রুপ সলিউশন লিমিটেড, এর “মুক্তা বোরন (বোরন, বোরিক এসিড)” আইএমপি-৪৫১৪, ব্যাচ নং ০০৩৯ মজুদ, ক্রয় ও বিক্রয় না করার জন্য নির্দেশনা দেওয়া হলো। আপনার প্রতিষ্ঠান পরিদর্শনকালে উক্ত ব্যাচ নম্বরের সারটি পাওয়া গেলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।


২। মার্কেটিং অফিসার, বি কে ডায়মন্ড ইন্টারন্যাশনাল গ্রুপ সলিউশন লিমিটেড, মুক্ত বাংলা শপিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা। আপনার প্রতিষ্ঠান কর্তৃক বাজারজাতকৃত উক্ত ব্যাচ নম্বরের সারটি অনতিবিলম্বে বাজার হতে প্রত্যাহার করত: তা লিখিতভাবে নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য বলা হলো। অন্যথায় বাজার পরিদর্শনকালে উক্ত ব্যাচ নম্বরের সারটি পাওয়া গেলে আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্মারক নংঃ ১২.০১.৭৩৬৪.০০০.০১০.১৮.০০০১.২৬. ৩০৫

২৫ চৈত্র ১৪৩২
তারিখ:
৮ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, নীলফামারী।
- ২। অফিস নথি।


(অতিক আহমেদ)
উপজেলা কৃষি অফিসার
নীলফামারী সদর, নীলফামারী